

প্রথম কালো

তারিখ: ২৬ জুন ১৯৬৩
পৃষ্ঠা: ৪ কাল: ২

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অবরুদ্ধ থাকা এক সহ-উপাচার্য অসুস্থ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুই সহ-উপাচার্যকে গতকাল সোমবার ষষ্ঠ দিনের মধ্যে অবরুদ্ধ করে রাখা শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম। এদিকে অবরুদ্ধ থাকার সময় বাইরের খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়েছেন সহ-উপাচার্য (প্রশাসন) আফসার আহমদ।

উপাচার্যের দায়িত্বে থাকা সহ-উপাচার্য (শিক্ষা) এম এ মতিন গতকাল শারীরিকভাবে অসুস্থ বোধ করার কথা জানিয়েছেন।

গতকাল সন্ধ্যায় প্রশাসনিক ভবনে গিয়ে দেখা যায়, আফসার আহমদ উপাচার্যের কক্ষসংলগ্ন ছোট একটি কক্ষে ঝাটে ঘুমিয়ে আছেন। তাঁর হাতে স্যালাইন দেওয়া হচ্ছে। পাশে ছিলেন তাঁর স্ত্রী ও মেয়ে। কথা বলে জানা যায়, বাইরের খাবার খেয়ে তিনি পেটের সমস্যায় ভুগছেন।

এম এ মতিন বিগ্রাম নিখিলেন উপাচার্যের কক্ষে। তিনি জানান, তাঁরা অবরুদ্ধ থাকার শারীরিকভাবে অসুস্থ বোধ করছেন। পাশে ছিলেন তাঁর স্ত্রী। ছয় দিন ধরে দুই সহ-উপাচার্যকে অবরুদ্ধ করে রাখায় তিনি ফোড প্রকাশ করেন। এম এ মতিন বলেন, শিক্ষকেরা উপাচার্য প্যানেল নির্বাচনের যে দাবি জানাচ্ছেন তা বাস্তবায়ন করা আমার এখতিয়ারের বাইরে। ছুটিতে থাকা উপাচার্য আনোয়ার হোসেনের কাছে শিক্ষকদের দাবি পাঠিয়েছি। তিনি এখনো কিছু জানাননি।

সহ-উপাচার্যের অসুস্থতা সম্পর্কে ঐক্য ফোরামের সদস্যসচিব মহাম্মদ কামরুল আহসান বলেন, আফসার আহমদ অসুস্থ হলে পড়ায় তিনি চাইলে যেকোনো সময় কক্ষে ঘোঁসে পেরেন।

শিক্ষা কার্যক্রম
স্বাভাবিকভাবে
চললেও প্রশাসনিক
ভবনের কাজকর্ম
গতকালও বন্ধ ছিল।

বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি আবদুল হামিদেব আদেশ বাস্তবায়ন বা উপাচার্যের অপসারণ দাবিতে গতকাল সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত প্রশাসনিক ভবনের দোতলার বারান্দায় প্রতীকী অনশন করে শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম। একই দাবিতে সন্ধ্যা সাতটার দিকে ভবনের সামনে সমাবেশ হয়।

এদিকে ঐক্য ফোরামের ডাকা সর্বস্বক ধর্মঘট অব্যাহত রয়েছে। শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চললেও প্রশাসনিক ভবনের কাজকর্ম গতকালও বন্ধ ছিল।

আচার্যের হস্তক্ষেপ কামনা: বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট নিরসনে রাষ্ট্রপতির হস্তক্ষেপ চেয়ে সচল বিশ্ববিদ্যালয়ের দাবিতে গতকাল সন্ধ্যা সাড়ে সাতটায় মৌন মিছিল, মানববন্ধন ও মোমবাতি প্রদ্বাদন করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিবারের ব্যানারে শিক্ষক-শিক্ষার্থীরা।

জ্বাকসু: বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (জ্বাকসু) নির্বাচনে এমফিল ও পিএইচডি শিক্ষার্থীদের প্রার্থিতার যোগ্যতা বাতিল না করায় প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ ও নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবিতে 'অনিয়মের বিরুদ্ধে শিক্ষার্থীবৃন্দ'-এর ব্যানারে শিক্ষার্থীরা আন্দোলন করছেন। এ জন্য গতকাল তাঁরা সহ-উপাচার্য এম এ মতিনের কাছে স্মারকলিপি দিয়েছেন। এম এ মতিন বলেন, নির্বাচন কমিশন গঠন করেছেন উপাচার্য আনোয়ার হোসেন। আমি প্রাত্যহিক কাজের দায়িত্বে থাকায় এ বিষয়ে কিছু করতে পারব না। জ্বাকসু নির্বাচনে পতিতকাল রেশা দুইটা পর্যন্ত ৩৬২টি মনোনয়নপত্র বিতরণ-ইয়েই বন্ধ জানিয়েছে নির্বাচন কমিশন। আজ মঙ্গলবার মনোনয়নপত্র বিতরণের শেষ দিন।

অনশন-সমাবেশ: উপাচার্য প্যানেল নির্বাচন নিয়ে